

ইতালিতে প্রবাসী বাংলাদেশিদের মৃতদেহ দেশে পাঠাতে ৭০ লাখ টাকা বরাদ্দ

ইতালিত্তি রোম ও মিলানের শ্রম কল্যাণ উইং-এ ২০১৭-২০১৮ অর্থবছরে ৭০ লাখ টাকা বরাদ্দ দেওয়া হয় প্রবাসী বাংলাদেশিদের মরদেহ দেশে ফেরত পাঠানোর জন্য। গত ৩০ জুলাই ২০১৭ তারিখ ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ২৬৭তম সভায় ইতালি থেকে মৃতদেহ পাঠানোর বিষয়টি উপস্থাপন করা হলে তা বোর্ড সভায় গৃহীত হয়।

বরাদ্দকৃত অর্থ ইতালির জনবঙ্গে শহর রোম ও মিলানের জন্য ধার্য করা হয়। এর মধ্যে রোমের জন্য ৫০ লাখ এবং মিলানের জন্য ২০ লাখ টাকা বরাদ্দ প্রদান করা হয়। এখন থেকে ইতালিতে কোনো বাংলাদেশি প্রবাসী মারা গেলে তার মৃতদেহ দেশে আসবে সরকারি খরচে। তবে লাশ পাঠাতে একটি শর্ত অবশ্যই পূরণ করতে হবে। প্রত্যেক প্রবাসী বাংলাদেশিকে নিয়মমাফিক প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনস্থ ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সদস্য পদ গ্রহণ করতে হবে।

উল্লেখ্য যে, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সদস্য প্রবাসী বাংলাদেশির লাশ দেশে পৌঁছার পর মৃত্যুক্তির আত্মস্মজনরা বিমানবন্দর থেকে ৩৫ হাজার টাকার চেক পাবেন। পরবর্তী সময়ে এককালীন আর্থিক অনুদান বাবদ আরও ৩ লাখ টাকা পাবেন।